

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১০৭

৮. খাদ্য অধ্যায় (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ২৯. 'সারীদ'-এর শ্রেষ্ঠত্ব

بَابِ فِي فَضْلِ الثَّرِيدِ

আরবী

حَدَّثَنَا عَمْرُو بْنُ عَوْنٍ حَدَّثَنَا خَالِدٌ عَنْ أَبِي طُوَالَةَ عَبْدِ اللَّهِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ مَعْمَرٍ عَنْ أَنِسٍ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَضْلُ عَائِشَةَ عَلَى النِّسَاءِ كَفَضْلِ الثَّرِيدِ عَلَى سَائِرِ الطَّعَامِ

বাংলা

২১০৭. আনাস রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ "নারীদের উপর 'আয়িশাহ রাদ্বিয়াল্লাহু আনহু-এর মর্যাদা তেমনই, যেমন 'সারীদ'-'র মর্যাদা অন্যান্য খাদ্যদ্রব্যের উপর।"[1]

ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী মুসলিম কর্তৃক সম্মিলিত ভাবে বর্ণিত।

তাখরীজ: বুখারী, ফাযাইলুস সাহাবাহ ৩৭৭০; মুসলিম, ফাযাইলুস সাহাবাহ ২৪৪৬।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৩৬৭০, ৩৬৭১, ৩৬৭২, ৩৬৭৩ ও সহীহ ইবনু হিব্বান নং ৭১১৩ তে।

এছাড়াও, ইবনু আবী শাইবা ১২/১৩১; তিরমিযী, শামাইল নং ১৭৬; আবু নুয়াইম, যিকরু আখবারুল আসবাহান ১/২১৫, ২৪৫ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)



 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=82390}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন